

ঢাবির সিনেট অধিবেশনে বেনজীরের ডিগ্রি বাতিলের প্রস্তাব

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৬ জুন, ২০২৪ ২০:১৫

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০১৯ সালে ডক্টরেট ডিগ্রি লাভ করেছিলেন পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ। এবার সেই ডিগ্রি বাতিলের প্রস্তাব উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে।

বুধবার (২৬ জুন) রাত পৌনে আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বার্ষিক সিনেট অধিবেশনে বাজেট অধিবেশনে উপর আলোচনায় এই ডিগ্রি বাতিলের প্রস্তাব করেন বাংলাদেশ শিক্ষক সমিতির

উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য বীর মুক্তিযোদ্ধা রঞ্জিত কুমার সাহা।

‘বেনজীর আহমেদ ডক্টরেট ডিগ্রি নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডক্টর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ডিবিএ) প্রোগ্রাম থেকে। সেখানে ভর্তির জন্য স্নাতক ডিগ্রি থাকতে হয়।

শিক্ষাজীবনের সব পাবলিক পরীক্ষায় কমপক্ষে ৫০ শতাংশ নম্বর পেতে হয়। বেনজীরের তা ছিল না। শর্ত শিথিল করে তাকে ভর্তির সুযোগ দেওয়া হয়েছিল।’

এসব কথা উল্লেখ করে বেনজীর আহমেদকে দেওয়া ডিগ্রি বাতিলের প্রস্তাব করেন রঞ্জিত কুমার সাহা।

এদিকে রাত আটটায় বাজেট অধিবেশনের আলোচনায় ঢাবির বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সংগঠন সাদা দলের শিক্ষক অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলামও বেনজীর আহমেদের ডিগ্রি বাতিলের প্রস্তাব করেন। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম শিথিল করে কীভাবে বেনজীর আহমেদ ডিগ্রি প্রোগ্রামে ভর্তি হয়েছেন এবং এর সাথে কারা কারা সংশ্লিষ্ট সে বিষয়ে তদন্ত করতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে প্রস্তাব দেন তিনি।